

(প্রেস বিজ্ঞপ্তি)

০৩ সেপ্টেম্বর ২০২৩খ্রি.

স্মার্ট বাংলাদেশ গড়তে চাই স্মার্ট পরিবহনখাত: মেয়র

স্মার্ট বাংলাদেশ গড়তে স্মার্ট পরিবহনখাত প্রয়োজন বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। রোববার চট্টগ্রাম জেলা সড়ক পরিবহন মালিক গ্রুপের উদ্যোগে সংগঠনটির সাবেক মহাসচিব গোলাম রসুল বাবুলের স্মরণে শোক সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, স্মার্ট বাংলাদেশ গড়তে পরিবহন খাতের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রধানমন্ত্রী শেখ হাসিনা অবকাঠামো খাতে ব্যাপক বিনিয়োগ করছেন। বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামকেও প্রধানমন্ত্রীর ভিশনের সাথে সাজাতে পুরো নগরীর যোগাযোগ ব্যবস্থাকে সমন্বিতভাবে উন্নত করা হচ্ছে। সভায় আরো উপস্থিত ছিলেন হাজী মো. ইউনুছ, নুরুল ইসলাম, জাফর উদ্দিন, জাফর আহমদ, হাবিবুর রহমান, মো. মহিউদ্দিন, তরণ দাশগুপ্ত, আব্দুল মান্নান, ছিদ্দিকুর রহমান, মো. মুছা, বদরুল হুদা, মোহাম্মদ ইউছুফ।

বর্জ্য নিয়ে মানুষ সচেতন হলে জলাবদ্ধতা রোধ করা সম্ভব : চসিক মেয়র

বর্জ্য নিয়ে মানুষ সচেতন হলে জলাবদ্ধতা রোধ করা সম্ভব বলে মন্তব্য করেছেন চট্টগ্রাম সিটি মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

রোববার অতিভারী বর্ষণের কারণে সৃষ্ট বন্যায় ক্ষতিগ্রস্ত পরিবারসমূহের মাঝে নগরীর একটি কমিউনিটি সেন্টারে ফুড প্যাকেজ বিতরণকালে চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের চেয়ারম্যান মেয়র রেজাউল বলেন, বর্জ্য নিয়ে মানুষ সচেতন হলে জলাবদ্ধতা রোধ করা সম্ভব। ঘরের সামনে আপনারা বর্জ্য সমূহ সংরক্ষণ করলে আমাদের সেবকরা গিয়ে তা সংগ্রহ করবে। জলাবদ্ধতা ফলে সৃষ্ট ক্ষতিকর পরিস্থিতিতে আমরা আমাদের সাধ্য মতো রেড ক্রিসেন্টের পক্ষ থেকে সহযোগিতা নিয়ে হাজির রয়েছি। আমরা ও আওয়ামী লীগের নেতারা সব সময় যেকোনো দুর্ঘটনায় আপনাদের পাশে ছিলাম, আছে, থাকবে।

বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটি চট্টগ্রাম সিটি ইউনিটের আয়োজনে ও গ্রামীণফোনের সহযোগিতায় ফুড প্যাকেজ বিতরণ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিটের ভাইস চেয়ারম্যান মোঃ আলমগীর পারভেজ। চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্ট ইউনিটের সেক্রেটারি আবদুল জব্বার সঞ্চালনায় উপস্থিত ছিলেন ৩৫ নং ওয়ার্ড কাউন্সিলর হাজী নুরুল হক, চাকতাই খাতুনগঞ্জ আড়তদার সাধারণ ব্যবসায়ী কল্যান সমিতির সভাপতি জাহাঙ্গীর আলম, চট্টগ্রাম সিটি রেড ক্রিসেন্টের ইউনিট লেভেল অফিসার আবদুর রহিম আঁকন, যুব রেড ক্রিসেন্ট চট্টগ্রামের যুব প্রধান ইস্তাকুল ইসলাম চৌধুরী ইশান।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮